# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৬৩৬

২৮/ নযর ও কসম

পরিচ্ছেদঃ গায়রুল্লাহর নামে শপথ করা নিষেধ

## আরবী

وَعَنِ ابنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنهُمَا: أَنَّهُ سَمِعَ رَجُلاً يَقُولُ: لاَ وَالكَعْبَةِ، فَقَالَ ابنُ عُمَرَ : لاَ تَحْلِفْ بِغَيْرِ اللهِ فَإِنّي سَمِعْتُ رَسُوْلَ اللهِ ﷺ يَقُولُ مَنْ حَلَفَ بِغَيرِ اللهِ فَقَدْ كَفَرَ أَوْ أَشْرَكَ رواه الترمذي وقال حديث حسن

## বাংলা

(৩৬৩৬) ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, তিনি একটি লোককে বলতে শুনলেন ’না, কা’বার কসম!’ ইবনে উমার বললেন, ’আল্লাহ ছাড়া অন্য কারো কসম খেয়ো না। কেননা, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি যে, যে ব্যক্তি গায়রুল্লাহর নামে কসম করে, সে কুফরী অথবা শিরক করে। (আহমাদ, তিরমিযী ১৫৩৫, ইবনে হিব্বান, হাকেম ১/৫২, সহীহুল জামে’ ৬২০৪)

## ফুটনোট

কোন কোন আলেমের ব্যাখ্যানুসারে শেষোক্ত বাক্যটি কঠোরতা ও কঠিন তাকীদ প্রদর্শনার্থে ব্যবহৃত হয়েছে। যেমন বর্ণনা করা হয় যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ‘রিয়া শিরক।’ (যার অর্থ ছোট শিরক।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67384

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন